# দুই নেতায় বছর পার ছাত্রলীগের

**(প্রথম পৃষ্ঠার পর)** একাধিক জরিপ চালিয়ে তিন পুরুষ ধরে আওয়ামী লীগের রাজনীতিতে সক্রিয় এমন পরিবারের দুটি ছেলেকে ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক বানান তিনি। প্রধানমন্ত্রীর সরাসরি নির্দেশনায় দায়িত্ব পাওয়ায় শোভন ও রাব্বানীর ওপর নেতাকর্মীদের প্রত্যাশার চাপও সৃষ্টি হয় ব্যাপক। কিন্তু দায়িত্ব পাওয়ার পর শোভন-রাব্বানীও পূর্বসূরিদের পথ অনুসরণ শুরু করেন। এ কারণে নানা জটিলতায় আটকে এখনো ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি দিতে পারেননি তারা। সবশেষ পহেলা বৈশাখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মল চত্বরে ছাত্রলীগের অভ্যন্তরীণ দ্বন্দ্বে অগ্নিসংযোগের ঘটনায় ক্ষুব্ধ হন আওয়ামী লীগের শীর্ষ নেতারা। শোভন-রাব্বানীকে ঠিকমতো রাজনীতি করার নয়তো আগাম সম্মেলন দেওয়ার কড়া বার্তাও দেওয়া হয়।

সূত্র জানায়, ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি গঠনে শোভন ও রাব্বানীকে সহায়তা করতে আওয়ামী লীগের শীর্ষ কয়েকজন নেতাকে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জানা গেছে, শোভন ও রাব্বানী এবং ছাত্রলীগের সদ্য সাবেক দুই শীর্ষ নেতা সাইফুর রহমান সোহাগ ও এসএম জাকির হোসাইন নিজেদের পছন্দের প্রায় আটশজনের নামের তালিকা দিয়েছেন। এর বাইরেও বিভিন্ন নাম ব্যবহার করে আরও শতাধিক জনের তালিকা জমা পড়েছে। সব তালিকা সমন্বয় করেই কমিটি পূর্ণাঙ্গ করা হচ্ছে।


জানতে চাইলে দায়িত্বপ্রাপ্ত নেতা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আবদুর রহমান গতকাল শুক্রবার বিকালে আমাদের সময়কে বলেন, ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি প্রায় হয়েই গেছে। নেত্রী দেশে এলেই জমা দেওয়া হবে। আজ শনিবার লন্ডন থেকে প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা। আওয়ামী লীগ ও ছাত্রলীগের শীর্ষ নেতারা ধারণা করছেন, দু-একদিনের মধ্যেই পূর্ণাঙ্গ কমিটি হতে যাচ্ছে ছাত্রলীগের।

জানতে চাইলে ছাত্রলীগের সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন ও সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী আমাদের সময়কে জানান, ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি গঠন নিয়ে কাজ চলছে। পদপ্রত্যাশীদের পারিবারিক অবস্থা ও দলের প্রতি আনুগত্য ও অবদান বিবেচনায় নিয়ে যত দ্রুত সম্ভব কমিটি পূর্ণাঙ্গ করা হবে। জাতীয় নির্বাচন, কোটা আন্দোলন ও ডাকসু নির্বাচনের কারণে পূর্ণাঙ্গ কমিটি গঠন করতে বিলম্ব হয়েছে বলেও জানান তারা।

সম্মেলনের পর পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি করতে শোভন-রাব্বানী সময় নেন প্রায় পাঁচবার। এর পরও কমিটি পূর্ণাঙ্গ না হওয়ায় গত বছর ছাত্রলীগের নির্বাচনী বর্ধিতসভায় ক্ষোভ প্রকাশ করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এ সময় ১০ ডিসেম্বরের মধ্যে কমিটি দেওয়ার প্রতিশ্রুতি দেন গোলাম রাব্বানী। এর পর ডাকসু নির্বাচনের আগে এক সভায় নির্বাচনের ২০ দিনের মধ্যে কমিটি করার নির্দেশ দেন আওয়ামী লীগের শীর্ষ নেতারা। এর পরও আলোর মুখ দেখেনি পূর্ণাঙ্গ কমিটি।

ছাত্রলীগের সর্বশেষ সম্মেলনের তথ্য অনুযায়ী, সংগঠনটির ১০৯টি সাংগঠনিক ইউনিট, ৫০টি আন্তর্জাতিক ইউনিট, অর্ধসহস্র উপজেলা ইউনিট রয়েছে। এসব ইউনিটেও কেন্দ্রীয় কমিটির নির্ধারিত দুবছরের মধ্যে সম্মেলন সম্পন্ন করতে বলা হয়েছে সংগঠনটির গঠনতন্ত্রে।

ছাত্রলীগ সংশ্লিষ্টরা বলছেন, কেন্দ্রীয় কমিটি পূর্ণাঙ্গ করার সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়, মহানগর উত্তর ও দক্ষিণ ছাত্রলীগের কমিটি পর্ণাঙ্গ করার বিষয়টিও ঝুলছে। এগুলোর




দুর্ঘটনার নাটক সাজিয়ে বাঁচতে চায় ধর্ষকরা

চলন্ত বাসে নার্স তানিয়া ধর্ষণ ও হত্যা



দেখুন

advertisement